সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/২৬৩

তারিখঃ ১৫ নভেম্বর, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ ক্ষুদ্র ও মাঝারি খাতে অর্থায়নের লক্ষ্যে ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার প্রাক-অর্থায়ন স্কিমটি চলমান রাখা প্রসঙ্গে।**

**সূত্রঃ** বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৩, তারিখঃ ১২/১১/২০২৫ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে সিএমএসএমই উদ্যোক্তাদের অপেক্ষাকৃত স্বল্পসুদে/মুনাফায় ও সহজশর্তে ঋণ/বিনিয়োগ সুবিধা নিশ্চিত করতে ইতিপূর্বে বাংলাদেশ ব্যাংক কর্তৃক গঠিত ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার প্রাক-অর্থায়ন স্কিমটি পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত চলমান থাকবে মর্মে ঘোষণা দিয়ে বাংলাদেশ ব্যাংক সূত্রোক্ত সার্কুলার জারী করেছে।

বাংলাদেশ ব্যাংকের নিজস্ব অর্থায়নে গঠিত এ স্কিমের আওতায় গ্রাহক পর্যায়ে আরোপিত বার্ষিক সুদের হার সর্বোচ্চ ৭% (সাত শতাংশ) এবং গ্রেস পিরিয়ড সর্বোচ্চ ৬ মাসসহ ঋণের মেয়াদ সর্বোচ্চ ৫ (পাঁচ) বছর হবে।

উক্ত স্কিমের আওতায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ নিজস্ব শাখা/উপশাখা/এজেন্ট ব্যাংকিং/মোবাইল ফাইনান্সিয়াল সার্ভিসেস (এমএফএস) এর মাধ্যমে ঋণ প্রদান করতে পারবে।

প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংকের সার্কুলারটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

১৫/১১/২৫

**মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)**
সচিব (ভারপ্রাপ্ত)

**সংযুক্তিঃ** বর্ণনামতে।

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

C:\Users\BGMEA\Downloads\CIRCULAR-2025 (43).doc

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

৫০১১৯

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৩

তারিখ: ২৭ কার্তিক ১৪৩২
১২ নভেম্বর ২০২৫

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

**সিএমএসএমই খাতে অর্থায়নের লক্ষ্যে ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার প্রাক-অর্থায়ন স্কিমটি চলমান রাখা প্রসঙ্গে।**

অত্র বিভাগের ১৯ জুলাই ২০২২ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০৪ এবং ৩১ জানুয়ারি ২০২৩ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. সরকারের অগ্রাধিকার খাত হিসেবে সিএমএসএমই খাতে ঋণ/বিনিয়োগ সুবিধা অব্যাহত রাখা, উদ্যোক্তাদের নিকট আলোচ্য স্কিমের ব্যাপক চাহিদা থাকা, অপেক্ষাকৃত স্বল্প সুদে/মুনাফায় ও সহজ শর্তে ঋণ/বিনিয়োগ সুবিধা নির্বিঘ্ন করা এবং এ খাতের গ্রাহকদের বৃহত্তর স্বার্থ বিবেচনায় ৩ (তিন) বছর মেয়াদি ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার স্কিমটি পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত চলমান থাকবে।

৩. এছাড়া, সূত্রে বর্ণিত সার্কুলার ও সার্কুলার লেটারে বর্ণিত অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৪. ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৫. এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(নওশাদ মোস্তাফা)
পরিচালক (এসএমইএসপিডি)
ফোন: ৯৫৩০৫০২
E-mail: nawshad.mustafa@bb.org.bd